দৈনিক ইত্তেফাক

২৩১

তারিখ ... MAR 2 8 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# নকল প্রতিরোধে ব্যর্থতায় তিন ডিসি প্রত্যাহার ॥ সম্মেলন সংক্ষিপ্তকরণ

মাঈনুল আলম ॥ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ব্যাপকহারে নকল হইতেছে এমন তিনটি জেলার ডিসিদের প্রত্যাহার করা হইয়াছে। নকল প্রতিরোধে সতর্কতামূলক পদক্ষেপের অংশ হিসাবে আগামীকাল ৮ই মার্চ হইতে শুরু হওয়া সারাদেশের 'জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের বার্ষিক সম্মেলন চারদিনের

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

পরীক্ষায় নকল প্রতিরোধ, নকলবাজ ও নকলে সহায়তাকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারেন। এইজন্য ১০ই মার্চ শুক্রবার রাতের মধ্যে নিজ নিজ জেলায় পৌঁছিবার জন্য গতকাল সোমবার কেবিনেট ডিভিশন ও শিক্ষা মন্ত্রণালয় হইতে ডিসিদের নিকট নির্দেশ পৌছান হইয়াছে।

সংস্থাপন মন্ত্রণালয় হইতে গতকাল বিকালে জারিকৃত আদেশ সাতক্ষীরা, চুয়াডাঙ্গা ও পিরোজপুর এই তিনটি নকলপ্রবণ জেলা ডিসিদের প্রত্যাহার করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপ-সচিব আবদুল মতিন চৌধুরীকে সাতক্ষীরায়, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন পুষ্টি প্রকল্পের উপ-পরিচালক এটিকে মোহাম্মদ ইসমাইলকে চুয়াডাঙ্গায় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপ-সচিব এসএম জহিরুল ইসলামকে পিরোজপুর জেলার ডিসি হিসাবে নূতন নিয়োগ দেওয়া হয়। তিনদিনের জেলা প্রশাসক সম্মেলনে যোগদান শেষে যতশীঘ্র সম্ভব প্রত্যাহার আদেশপ্রাপ্ত তিনজন ডিসিকে দায়িত্ব বুঝাইয়া দিয়া কর্মস্থল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে। পাশাপাশি নূতন নিয়োগপ্রাপ্ত তিনজন ডিসিকেও জেলা প্রশাসক সম্মেলনে যোগদানের নির্দেশ দেওয়া হইয়াছে বলিয় জানা গিয়াছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামীকাল বুধবার সকাল সাড়ে নয়টায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জেলা প্রশাসক সম্মেলন ২০০০' উদ্বোধন করিবেন।